**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 18-09-2025** **Desk in Charge: SDG**

**Time : 7-35 AM** **Compiling : Priya B.**

**DEO : KB** **NR : Priya B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন, 'পরবর্তী প্রজন্মের GST সংস্কার কমিটি'র অনুষ্ঠানে যোগ দিতে আজ কলকাতা আসছেন।

# ভারত চেম্বার অফ কমার্সের ১২৫-তম বার্ষিকী উদযাপন অনুষ্ঠানে উপস্থিত থাকবেন অর্থ মন্ত্রকের মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা ভি অনন্থ নাগেশ্বরান।

২/ হাইকোর্ট এবং নিম্ন আদালতগুলির পরিকাঠামো উন্নয়নে রাজ্য সরকার আপাতত ৫০ কোটি টাকা বরাদ্দের সিদ্ধান্ত নিয়েছে।

৩/ যাদবপুর সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের দ্রুত স্থায়ী উপাচার্য নিয়োগ করা হবে বলে, রাজ্যপাল সিভি আনন্দ বোস জানিয়েছেন।

৪/ সাউথ ক্যালকাটা ল'কলেজের ভাইস প্রিন্সিপাল পদ থেকে ইস্তফা দিয়েছেন নয়না চট্টোপাধ্যায়।

৫/ বিশ্বকর্মা প্রতিমা নিরঞ্জনের জন্য পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন, আজ ও আগামীকাল 'চক্র রেল' চলাচল নিয়ন্ত্রণ করছে।

******************************************************************

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন ‘পরবর্তী প্রজন্মের GST সংস্কার কমিটি’র অনুষ্ঠানে যোগ দিতে আজ কলকাতা আসছেন। জাতীয় গ্রন্থাগারের ভাষাভবনে ওই অনুষ্ঠানে যোগ দেওয়ার পর সন্ধ্যাতেই দিল্লি ফিরে যাবেন তিনি। ৫৬- তম GST কাউন্সিলের বৈঠকের পর কেন্দ্রীয় অর্থমন্ত্রী পণ্য ও পরিষেবা কর হারে পরিবর্তনের কথা ঘোষণা করেন। তারপর এই প্রথম তাঁর কলকাতা সফর। আগামী ২২ তারিখ থেকে কোর কাঠামোয় নতুন এই হার কার্যকর হতে চলেছে।

এদিকে, ভারত চেম্বার অফ কমার্সের ১২৫-তম বার্ষিকী উদযাপন অনুষ্ঠানে আজ সকালে প্রতিষ্ঠানের কার্যালয়ে উপস্থিত থাকবেন অর্থ মন্ত্রকের মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা ভি অনন্থ নাগেশ্বরান। সেখান থেকে তিনি ‘মার্চেন্ট চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি’র একটি সম্মেলনে যোগ দেবেন। পরে তাঁর ক্যালকাটা চেম্বার অফ কমার্সের ১৯৪-তম বার্ষিক সাধারণ সভায় অংশ নেওয়ার কথা।

*************************

পণ্য ও পরিষেবা কর-জিএসটির পরিবর্তিত হার আগামী সোমবার থেকে কার্যকর হবে। এক্ষেত্রে সরকার, ব্যবসায়ীদের কি কি পদক্ষেপ নিতে বলেছেন আকাশবাণীকে তা জানিয়েছেন মার্চেন্ট চেম্বার অফ কমার্সের জিএসটি, পরোক্ষ ও রাজ্য কর পরিষদের চেয়ারম্যান সুশীল কুমার গোয়েল ।

(বাইট-সুশীল)

*************************

হাইকোর্ট এবং নিম্ন আদালতগুলির পরিকাঠামো উন্নয়নে আপাতত ৫০ কোটি টাকা বরাদ্দ করার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। বিচারপতি দেবাংশু বসাক এবং বিচারপতি মহম্মদ শব্বার রাশিদির ডিভিশন বেঞ্চে গতকাল মামলার শুনানিতে ভার্চুয়ালি

যোগ দেন মুখ্যসচিব মনোজ পন্থ। তিনি জানান, নিম্ন আদালত এবং হাই কোর্টের ১৪টি প্রকল্পের কাজে ওই অর্থ ব্যয় হবে। এই সংক্রান্ত প্রস্তাব অনুমোদনের জন্য ইতোমধ্যেই অর্থ দফতরে পাঠিয়ে দেওয়া হয়েছে। অর্থের যোগান নিয়ে সমস্যা বিষয়ে আগামী সাতদিনের মধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে বলে কলকাতা হাইকোর্টে রাজ্য জানিয়েছে।

উল্লেখ্য, গত সপ্তাহেই ডিভিশন বেঞ্চ, কলকাতা হাইকোর্টের বিভিন্ন কাজে অর্থ বরাদ্দের জন্য আদালতের পাঠানো ৫৩ টি ফাইল আটকে রাখায় রাজ্যকে ভর্ৎসনা করেন। আগামী ২৪ সেপ্টেম্বর মামলার পরবর্তী শুনানি।

**************************

যাদবপুর সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের দ্রুত স্থায়ী উপাচার্য নিয়োগ করা হবে বলে, রাজ্যপাল, আচার্য সিভি আনন্দ বোস জানিয়েছেন। যাদবপুরে এক ছাত্রীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনার প্রেক্ষিতে বিভিন্ন মহল থেকে স্থায়ী উপাচার্য নিয়োগের দাবি উঠেছিল। গতকাল রাজভবনে এক সাংবাদিক সম্মেলনে রাজ্যপাল আরো জানান, ইতিমধ্যেই ১৯টি বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্য নিয়োগ করা হয়েছে। বাকি বিশ্ববিদ্যালয়গুলিতেও এই নিয়োগের প্রক্রিয়া চলছে।

( বাইট- রাজ্যপাল/ JU )

এদিকে, যাদবপুরে ইংরেজী তৃতীয় বর্ষের ছাত্রী অনামিকা মন্ডলের মৃত্যুর ঘটনায় লালবাজারের গোয়েন্দা বিভাগ, গতকাল ঝিলে ডুবুরি নামিয়ে তল্লাশি চালায়। অন্যদিকে, লালবাজারের হোমিসাইড শাখা, ঘটনাস্থলে উপস্থিত ছ'জনকে গতকাল জেরা করে।

উল্লেখ্য, গত ১১ তারিখ, বিশ্ব বিদ্যালয়ের চার নম্বর গেট সংলগ্ন এলাকায় ঝিল থেকে বেলঘরিয়ার বাসিন্দা ওই ছাত্রীর দেহ উদ্ধার হয়।

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষ্যে বিজেপি দেশ জুড়ে ‘সেবা পক্ষ’ পালন করছে। মহাত্মা গান্ধী এবং লাল বাহাদুর শাস্ত্রীর জন্মদিন দোসরা অক্টোবর পর্যন্ত এই কর্মসূচী চলবে। এই উপলক্ষ্যে গতকাল রাজভবনে এক অনুষ্ঠানে রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস ‘নব্য যুগ @2025’ কর্মসূচির সূচনা করেন। এর আওতায় শিল্প, সংস্কৃতি, শিল্প ও শিক্ষার প্রসার, ক্রীড়া, সমাজ সেবা সহ বিভিন্ন ক্ষেত্রে বিশিষ্টদের পুরস্কৃত করা হবে। এছাড়া ৩০ জন ক্যান্সার রোগীকেও রাজ্যপালের ত্রাণ তহবিল থেকে অর্থ সহায়তার পরিকল্পনা নেওয়া হয়েছে।

*************************

প্রধানমন্ত্রী গতকাল মধ্যপ্রদেশের ধার-এ এক অনুষ্ঠানে ‘স্বস্থ নারী-সশক্ত পরিবার’ অভিযান এবং অষ্টম রাষ্ট্রীয় পুষ্টি মাসের সূচনা করেছেন। দেশের জেলা হাসপাতাল, কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্র, আয়ুষ্মান আরোগ্য মন্দির এবং অন্যান্য সরকারী স্বাস্থ্য পরিষেবা কেন্দ্রে আগামী মাসের ২ তারিখ পর্যন্ত এই কর্মসূচী চলবে।

এর অঙ্গ হিসেবে নদীয়ার কল্যাণী এইমসে এক অনুষ্ঠানে গতকাল উপস্থিত ছিলেন বন্দর, জাহাজ চলাচল ও জলপথ পরিবহণ প্রতিমন্ত্রী  শান্তনু ঠাকুর। তিনি বলেন, এই অভিযান একটি ঐতিহাসিক পদক্ষেপ।

( বাইট- শান্তনু )

কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বিজেপির রাজ্য সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায় বলেন, এই প্রকল্পের অধীনে আগামী দিনে প্রায় চার কোটি মহিলাকে বিনামূল্যে চিকিৎসা দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। শিবিরের আয়োজন করে  বিনামূল্যে দেওয়া হবে ওষুধ’ও।

এদিকে রাজ্যে মহিলাদের সুরক্ষা নিয়ে উদ্বেগ প্রকাশ করে লকেট চট্টোপাধ্যায় বলেন, তৃণমূল কংগ্রেস সরকারের আমলে নির্যাতনের শিকার মহিলারা ন্যায় বিচার পান না। রাজ্যের সরকার অপরাধীদের প্রশ্রয় দিয়ে চলে বলে অভিযোগ করেন তিনি।

**************************

সাউথ ক্যালকাটা ল'কলেজের ভাইস প্রিন্সিপাল পদ থেকে ইস্তফা দিয়েছেন নয়না চট্টোপাধ্যায়। কলেজের পরিচালন সমিতির সভাপতি, বিধায়ক অশোক দেবের বাড়ি গিয়ে পদত্যাগ পত্র জমা দেন তিনি। এ বিষয়ে সিদ্ধান্ত নিতে আজ বৈঠকে বসবে কলেজের পরিচালন সমিতি।

উল্লেখ্য, গত জুন মাসে ল'কলেজ ক্যাম্পাসে এক ছাত্রীকে ধর্ষণের অভিযোগে কলেজেরই প্রাক্তনী, তৃণমূলের ছাত্রনেতা মনোজিত মিশ্র সহ চারজনকে গ্রেফতার করে পুলিশ। এরই মধ্যে ওই কলেজে ভর্তি ক্ষেত্রে অনিয়মের ঘটনাও প্রকাশ্যে আসে। ভর্তি নিয়ে দুর্নীতির অভিযোগে কলকাতা বিশ্ববিদ্যালয়ের তদন্ত কমিটি সম্প্রতি উপাচার্যের কাছে রিপোর্টও জমা দিয়েছে।

**************************

বীরভূমের রামপুরহাটে প্রায় ২০ দিন ধরে নিখোঁজ আদিবাসী স্কুল ছাত্রীর বস্তাবন্দী দেহ উদ্ধারের ঘটনায় ধৃত শিক্ষক মনোজ কুমার পালকে গতকাল রামপুরহাট আদালতে তোলা হলে, ৯ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

উল্লেখ্য, বনহাট গ্রাম পঞ্চায়েতের বারোমেশিয়া গ্রামের বাসিন্দা সপ্তম শ্রেণীর ঐ ছাত্রী গত ২৮ শে আগস্ট টিউশন পড়তে বেরিয়ে নিখোঁজ হয়ে যায়। উল্লাকাটা গ্রামের জঙ্গল থেকে তার বস্তাবন্দী ক্ষতবিক্ষত দেহ উদ্ধার হয়। পরিবারের অভিযোগ, ধৃত শিক্ষক মনোজ কুমার পালই তাকে খুন করে জঙ্গলে ফেলে দিয়েছিল।

পুলিশ গতকালই ওই শিক্ষককে গ্রেপ্তার করে।

**************************

কলকাতা হাইকোর্টের রায়ে চিকিৎসক হওয়ার স্বপ্নপূরণে আর কোনো বাধা রইলনা মালদার বাসিন্দা প্রশান্ত মন্ডলের। পোলিও রোগে আক্রান্ত হওয়ায় দু হাতের অসমাপ্ত আঙুল নিয়েই বেড়ে ওঠেন প্রশান্ত। চিকিৎসক হওয়ার স্বপ্ন নিয়ে নিট পাস করেন তিনি। তবে SSKM হাসপাতাল শারীরিক সক্ষমতার মূল্যায়ন করে জানায় ডাক্তারি পড়া সম্ভব নয় প্রশান্তর। সেই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানিয়ে হাইকোর্টের দ্বারস্থ হন তিনি। এরপর মুম্বাই AIIMS-এর রিপোর্টে ইতিবাচক সাড়া মেলায় ডাক্তারি পড়ার ছাড়পত্র দেন বিচারপতি বিশ্বজিৎ বসু।

**************************

বিশ্বকর্মা প্রতিমা নিরঞ্জনের জন্য পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আজ ও আগামীকাল চক্র রেল চলাচল নিয়ন্ত্রণ করছে। এই দুদিন শিয়ালদা-BBD বাগ ও BBD বাগ-বারুইপুর লোকাল বাতিল থাকছে। তিন জোড়া ট্রেনের যাত্রা সংক্ষিপ্ত করা হবে। নৈহাটি- বালিগঞ্জ ভায়া প্রিন্সেপ ঘাট, বারাসাত-মাঝেরহাট ও দত্তপুকুর-মাঝেরহাট লোকালের যাত্রা কলকাতা স্টেশনে শেষ হবে এবং মাঝেরহাট-হাবড়া, বালিগঞ্জ–ব্যারাকপুর, মাঝেরহাট-বারাসাত লোকাল কলকাতা স্টেশন থেকে ছাড়বে। এছাড়া কিছু ট্রেনকে ঘুর পথে চালানো হবে। নৈহাটি-মাঝেরহাট লোকাল শিয়ালদা নর্থ-এ যাত্রা শেষ এবং মাঝেরহাট-নৈহাটি লোকাল শিয়ালদা নর্থ থেকে যাত্রা শুরু করবে। ব্যারাকপুর-মাঝেরহাট লোকাল ঘুর পথে চলবে এবং বালিগঞ্জ স্টেশনে যাত্রা শেষ করবে। মাঝেরহাট-দত্তপুকুর লোকাল বালিগঞ্জ থেকে যাত্রা শুরু করবে এবং বালিগঞ্জ-কাঁকুড়গাছি রোড হয়ে চলবে। হাবড়া-মাঝেরহাট লোকাল ঘুরপথে কাঁকুড়গাছি রোড জংশন-বালিগঞ্জ হয়ে মাঝেরহাট পৌঁছবে।

অন্যদিকে, মাঝেরহাট-দত্তপুকুর লোকাল মাঝেরহাট থেকে ও মাঝেরহাট-রানাঘাট লোকাল বালিগঞ্জ থেকে ছেড়ে ঘুর পথে গন্তব্যে যাবে। লক্ষ্মীকান্তপুর-মাঝেরহাট লোকাল বালিগঞ্জ স্টেশনে যাত্রা শেষ করবে এবং মাঝেরহাট-ঘুঁটিয়ারী শরীফ লোকাল বালিগঞ্জ ষ্টেশন থেকে যাত্রা শুরু করবে বলে রেল সূত্রের খবর।

*************************

বিধাননগর পুর এলাকায় বেআইনি হোর্ডিং চিহ্নিত করা এবং তার ভিত্তিতে পদক্ষেপের জন্য পুরসভাকে ছ'সপ্তাহ সময় বেধে দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ গতকাল জানিয়েছে, এই সময়সীমার মধ্যে বিষ্যটি বিবেচনা করে সিদ্ধান্ত নিতে হবে বিধাননগর পুর কমিশনারকে। বিজ্ঞাপন সংস্থাগুলির তথ্য খতিয়ে দেখে সেই সিদ্ধান্ত নেবেন কমিশনার। বিপজ্জনক অবস্থায় থাকা হোর্ডিংগুলি পুর কর্তৃপক্ষ ভাঙতে পারবে বলেও নির্দেশ দিয়েছে ডিভিশন বেঞ্চ।

নভেম্বর মাসে মামলার পরবর্তী শুনানি।

************************************************************